

তাৰিখ ... 20 DEC 2006 ...  
শকা ৩ বছাৰ ... ২.....

## যায়যায়দিন

# গরিব শিশুদের শিক্ষায় গেটস ফাউন্ডেশনের ৪০ মিলিয়ন ডলার

যাযাদি ডেক্স

সাউথ এশিয়া এবং সাব সাহারান অঞ্চলকার  
কয়েকটি গরিব দেশে শিক্ষার মানোন্নয়নের  
জন্য বিল গেটস ফাউন্ডেশন ১৮ ডিসেম্বর  
৪০ মিলিয়ন ডলার ব্যবহৃত ঘোষণা  
দিয়েছে। এ অর্থ দেয়া হবে উইলিয়াম অ্যাঙ্ক  
ফোর্ড হিউলেট ফাউন্ডেশনকে। এ দুই  
ফাউন্ডেশন যৌথভাবে কাজ করবে শিক্ষার  
উন্নয়নে। এন্টা

বিল অ্যাঙ্ক মেলিভা গেটস ফাউন্ডেশনের এ  
৪০ মিলিয়ন ডলারের সঙ্গে আরো ২০  
মিলিয়ন ডলার যোগ করবে উইলিয়াম  
অ্যাঙ্ক ফোর্ড হিউলেট ফাউন্ডেশন অর্থাৎ  
মোট ৬০ মিলিয়ন ডলার (৪২০ কোটি টাকা)  
ব্যয় করা হবে। এ অর্থ দিয়ে আধুনিক  
পজিতিতে শিক্ষা ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন  
প্রকল্প নেয়া হবে। এমন শিক্ষা প্রদান করা  
চাবে যাজ্ঞ কর্মসংঘানন্দ সামাজিক অবাবিত

থাকে।

ওয়ার্ল্ড ব্যাংক এবং অন্যান্য বড় বড় এনজিও  
কর্তৃক বিভিন্ন কার্যক্রম চালু থাকা সত্ত্বেও  
যেসব এলাকায় শিক্ষার হার এখনো  
একেবারেই কম, সে অঞ্চলেই এ প্রকল্প চালু  
করা হবে বলে জানিয়েছেন উইলিয়াম অ্যাঙ্ক  
ফোর্ড হিউলেট ফাউন্ডেশনের প্রেসিডেন্ট  
পেল ব্রেস্ট।

প্রস্তুত, উন্নয়নশীল দেশগুলোয় প্রাইমারি  
শিক্ষা প্রসারের জন্য ওয়ার্ল্ড ব্যাংক ১২  
বিলিয়ন ডলার ব্যয় করেছে ১৯৯০ সাল  
থেকে।

হিউলেট ফাউন্ডেশনের সিনিয়র ফেলো লিন  
মারফি বলেন, আমরা এখনো দেশগুলোকে  
চিহ্নিত করিনি। তবে ইনডিয়া, নাইজেরিয়া,  
তাজিকিস্তান সুবাকার ইতিয়াধোই শিক্ষা  
প্রসারের ব্যাপারে কি পদক্ষেপ নেয়া দরকার  
তা মিছে গুৰুত্বে কৰা হচ্ছে।